অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঐতিহাসিক স্থানগুলির স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাসমূহের জন্য 27টি মনোনয়ন ঘোষণা করেছেন

স্থানগুলি নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন ইতিহাসের প্রতিনিধিত্ব করে, যার মধ্যে রয়েছে একটি অ্যাডিরনড্যাক কিওর কটেজ, বিংহামটনে একটি শেল্টারড ওয়ার্কশপ, ওয়েস্ট হারলেমের একটি নতুন প্রতিষ্ঠিত হিস্টোরিক ডিস্ট্রিক্ট এবং আরও অনেক কিছু

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট বোর্ড ফর হিস্টোরিক প্রিজারভেশন (New York State Board for Historic Preservation) ঐতিহাসিক স্থানগুলির স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাসমূহতে 27টি সম্পত্তি যুক্ত করার সুপারিশ করেছে, যার মধ্যে রয়েছে একটি অ্যাডিরনড্যাক কিওর কটেজ যা যক্ষ্মা রোগীদের সেবা প্রদাণ করে, বিংহামটনে একটি শেল্টারড ওয়ার্কশপ যা ভিন্ন-ভিন্ন ক্ষমতা সম্পন্ন লোকেদের সাধারণ কল্যাণের প্রচার করে, নিউ ইয়র্ক সিটির বিশিষ্ট কৃষ্ণাঙ্গ নেতাদের সাথে দৃঢ় সম্পর্ক সহ ওয়েস্ট হারলেমের একটি নতুন প্রতিষ্ঠিত হিস্টোরিক ডিস্ট্রিক্ট, এবং লেক অন্টারিওর কাছে একটি ফার্মহাউস যা পরবর্তীতে এই অঞ্চলের সমৃদ্ধ ফল শিল্পের নেতারা ব্যবহার করেছিলেন।

গভর্নর হোকল বলেছেন, "নিউ ইয়র্ককে এর বৈচিত্র্যময় সংস্কৃতি এবং ইতিহাস দ্বারা সংজ্ঞায়িত করা হয়েছে, এবং আমরা আমাদের স্টেটের অনুপ্রেরণামূলক গল্পকে বাঁচিয়ে রাখার প্রচেষ্টা চালিয়ে যাব। স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাসমূহতে এই 27টি স্থান যুক্ত করা তাদের সমৃদ্ধ ঐতিহ্য সংরক্ষণে সহায়তা এবং সংস্থান সরবরাহ করবে এবং নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যত প্রজন্মের অনুপ্রাণিত হওয়া যাতে অব্যাহত থাকে তা নিশ্চিত করতে সহায়তা করবে।"

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাসমূহতে সূচিবদ্ধ করা মালিকদের সম্পত্তি পুনরুজ্জীবিত করতে, তাদের বিভিন্ন জন সংরক্ষণ প্রোগ্রাম এবং পরিষেবাগুলির জন্য যোগ্য করে তুলতে সাহায্য করতে পারে, যেমন স্টেটের অনুদান এবং স্টেট এবং ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন ট্যাক্স ক্রেডিটগুলির জন্য উপযোগী হওয়া।

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) এর কমিশনার এরিক কুলেসিড বলেছেন, "স্টেট পার্কে আমাদের মিশনের একটি অংশ হল আমাদের স্টেটে অবিশ্বাস্য পরিসরে বিদ্যমান ইতিহাসের সংরক্ষণ এবং প্রচার করতে সহায়তা করা। এই ধরনের স্থানগুলির জন্য স্টেট এবং

জাতীয় নিবন্ধন তালিকাসমূহের স্বীকৃতি সুরক্ষিত করা সম্ভাব্য প্রণোদনা সহ সংস্থান প্রদান করে, যেমন স্টেট এবং ফেডারেল ট্যাক্স ক্রেডিট, যা এই ইতিহাসকে জীবন্ত এবং প্রাণবন্ত রাখতে সাহায্য করবে।"

স্টেট পার্কস এ হিস্টোরিক প্রিজার্ভেশন এর ডেপুটি কমিশনার ড্যানিয়েল ম্যাকে বলছেন, "এটি এই বছর বোর্ডে উপস্থাপিত মনোনয়নের বৃহত্তম গ্রুপ এবং এটি এই প্রচেষ্টাগুলিতে অংশগ্রহণের জন্য সম্প্রদায়ের সদস্যদের আগ্রহের বৃদ্ধিকে প্রদর্শিত করে। হিস্টোরিক প্রিজারভেশন এর বিভাগ নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধ এবং বৈচিত্র্যময় ইতিহাসের প্রতিনিধিত্ব করে এমন ঐতিহাসিক সম্পদগুলিকে মনোনীত এবং সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং এই ধরনের কাজে জড়িত হওয়া সম্মানের বিষয়।"

গত এক দশকে, স্টেট 1,000-এরও বেশি ঐতিহাসিক সম্পত্তির জন্য পুনর্বাসন বাণিজ্যিক ট্যাক্স ক্রেডিট ব্যবহারের অনুমোদন দিয়েছে, যা বেসরকারী বিনিয়োগে 12 বিলিয়ন ডলারেরও বেশি চালিত করেছে।

নিউ ইয়র্ক স্টেটে চাকরি এবং ট্যাক্স রাজস্বের উপর হওয়া ট্যাক্স ক্রেডিটের প্রভাবের উপর ন্যাশনাল পার্ক সার্ভিসের (National Park Service) একটি অধ্যয়নে দেখা গেছে যে 2016 থেকে 2020 সালের মধ্যে, ক্রেডিটগুলি জাতীয়ভাবে 74,220টি চাকরি এবং স্থানীয়, স্টেট এবং ফেডারেল ট্যাক্সে 1.3 বিলিয়ন ডলারেরও বেশি সৃজন করেছে।

স্টেট এবং জাতীয় নিবন্ধন তালিকাসমূহটি হল নিউইয়র্ক স্টেট এবং দেশের ইতিহাস, স্থাপত্য, প্রত্নতত্ত্ব এবং সংস্কৃতিতে গুরুত্বপূর্ণ ভবন, কাঠামো, ডিসট্রিক্ট, ল্যান্ডস্কেপ, বস্তু এবং স্থানগুলির দাপ্তরিক সূচী। ঐতিহাসিক স্থানের ন্যাশনাল রেজিস্টারে এককভাবে অথবা ঐতিহাসিক ডিস্ট্রিক্টের অংশ হিসেবে স্টেটের সর্বত্র 120,000-টিরও বেশি ঐতিহাসিক সম্পত্তি, তালিকাভুক্ত আছে। মনোনয়নের স্পন্সর করেছে সম্পত্তির মালিকগণ, মিউনিসিপালিটি এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহের সংস্থাসমূহ।

স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকারী কমিশনার একবার সুপারিশসমূহ অনুমোদিত করলে, সম্পত্তিগুলি নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় (New York State Register of Historic Places) অন্তর্ভুক্ত হবে এবং এরপর জাতীয় ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় জন্য মনোনীত হবে, যেখানে সেগুলি পর্যালোচনা করা হবে এবং একবার অনুমোদিত হয়ে গেলে জাতীয় নিবন্ধন তালিকায় অন্তর্ভুক্ত হবে।

মনোনয়নের ফটো সহ, আরো তথ্য, অফিস অফ পার্ক, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন এর ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

ক্যাপিটাল ডিস্ট্রিক্ট

- **বিটি মেশিন ওয়ার্কস,** আলবানি কাউন্টি (**Beattie Machine Works**, Albany County) - কোহোস, নিউইয়র্ক-এ একটি উৎপাদনকারী সংস্থা দ্বারা নির্মিত এবং পরিচালিত হয়েছিল যার পেটেন্ট এবং পণ্যগুলি স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক বস্ত্র শিল্পে সহায়ক ছিল, 1896 সালের এই ভবনটি ঊনবিংশ শতাব্দীর শেষের দিকের শিল্প স্থাপত্যের একটি নিদর্শন যা "স্লো-বার্ন" মিল নির্মাণ নামে পরিচিত। একটি শিল্প স্থান হিসাবে এর ইতিহাসের সময়, বিটি মেশিন ওয়ার্কস মোহাক-হাডসন অঞ্চলকে একটি প্রধান উৎপাদন কেন্দ্রে রূপান্তরিত করতে অবদান রেখেছিল, উল্লেখযোগ্য পেটেন্ট লঙ্ঘনের ক্ষেত্রে জড়িত ছিল, এবং বিংশ শতাব্দীর প্রথমার্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের যুদ্ধের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য নিয়মিতভাবে উৎপাদন অভিযোজিত করেছিল। 2019 সালে, ঐতিহাসিক সংরক্ষণ ট্যাক্স ক্রেডিট (historic preservation tax credits) ব্যবহার করে ভবনটিকে তেরো-ইউনিট অ্যাপার্টমেন্ট বিল্ডিং হিসাবে পুনর্বাসন করা হয়েছিল। এটি তার আসল চেহারা অনেকটাই ধরে রেখেছে৷
- **এলমার অ্যাভিনিউ স্কুল,** শেনেকট্যাডি কাউন্টি (**Elmer Avenue School**, Schenectady County) - 1905 সালে নির্মিত এবং 1968 সালে সম্প্রসারিত, ভবনটি বিংশ শতাব্দীর প্রারম্ভিক এবং মধ্যভাগে নিউ ইয়র্ক স্টেটে প্রচলিত প্রমিত স্কুল নকশার বৈশিষ্ট্যগুলির একটি স্থানীয় মূর্ত প্রতীক। এলমার অ্যাভিনিউ স্কুল সিটির স্কুল ব্যবস্থায় প্রথম "অনানুষ্ঠানিক শিক্ষা" ধারণাটি চালু করে এবং নিউ ইয়র্ক স্টেটের প্রথম স্কুল যেখানে একটি ইন-হাউস লাইব্রেরি এবং পূর্ণ-সময়ের লাইব্রেরিয়ান ছিল।
- **মুল্ডর-মিলার হাউস,** কলাম্বিয়া কাউন্টি (**Muldor-Miller House**, Columbia County) - এর অস্বাভাবিক প্রস্তর নির্মাণ সহ, এই ফেডারেল এবং গ্রীক রিভাইভাল ফার্মহাউস, 1790 সাল নাগাদ নির্মিত হয়েছিল এবং এটি ক্ল্যাভারাকের একটি প্রারম্ভিক বাড়ির একটি বিরল টিকে থাকা নিদর্শন। মুল্ডর-মিলার পরিবারের সাথে দীর্ঘকালীন যুক্ত, সম্পত্তিটি অঞ্চলের ডাচ ঔপনিবেশিক সময়কাল এবং ক্রীতদাস শ্রমের ইতিহাসের সাথেও সম্পর্কযুক্ত। এটি বিংশ শতাব্দীতে কৃষি অর্থনীতি থেকে কান্ট্রি লিভিং-এ রূপান্তরের প্রতিনিধিত্ব করে।
- **রেড রক স্কুলহাউস,** কলম্বিয়া কাউন্টি (**Red Rock Schoolhouse**, Columbia County) - 1830 সাল নাগাদ নির্মিত এবং 1943 সাল জুড়ে একটি সক্রিয় শিক্ষামূলক স্থান রূপে পরিশেবা প্রদান করা, এই ভবনটি ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকের স্থানীয় গ্রীক পুনরুজ্জীবন শৈলীর এক কক্ষের স্কুলঘরের একটি চমৎকার নিদর্শন এবং গ্রামীণ রেড রক শিক্ষার ইতিহাসের প্রতিনিধিত্ব করে।
- **রেসিডেন্স অ্যাট 475 লাউডন রোড,** আলবানি কাউন্টি (**Residence at 475 Loudon Road**, Albany County) - 1832 সাল নাগাদ তারিখের, গ্রীক রিভাইভাল ফার্মহাউস, এটি কলোনির শহরে একটি গ্রীক পুনরুজ্জীবন শৈলীর ফার্মহাউসের একটি বিরল টিকে থাকা নিদর্শন। ভ্যান রেনসেলার টেনেন্ট ফার্মের অংশ ছিল এমন জমিতে নির্মিত, এটি অষ্টাদশ এবং ঊনবিংশ শতাব্দীর ভূমি বিভাজন এবং শহরে বন্দোবস্তের নমুনাগুলির সাথে এর সংযোগের জন্যও তাৎপর্যপূর্ণ।

ফিঙ্গার লেকস

- **ব্রিস্টল সেন্টার মেথডিস্ট এপিস্কোপাল চার্চ,** অন্টারিও কাউন্টি (**Bristol Center Methodist Episcopal Church**, Ontario County) – নিউ ইয়র্কের ব্রিস্টল শহরে অবস্থিত, এই 1846 সালের গ্রীক রিভাইভাল কাঠামোটি একটি সম্প্রদায়ের সমাবেশের স্থান হিসাবে কাজ করেছে, প্রথমে একটি গ্রামীণ প্যারিশ চার্চ হিসাবে এবং এখন স্থানীয় ঐতিহাসিক সমাজের প্রধান কার্যালয় হিসাবে। মূল ভবনের ন্যূনতম পরিবর্তনের সাথে, এটি ব্রিস্টল সেন্টারের মধ্য-উনিশ শতকের স্থাপত্যের কয়েকটি টিকে থাকা নিদর্শনগুলির মধ্যে অন্যতম। নকশাটি গ্রীক পুনরুজ্জীবন শৈলীকে প্রতিফলিত করে এবং একটি সাধারণ রূপকে প্রদর্শন করে যা প্রায়শই দক্ষ কারিগর পর্যন্ত সীমিত অ্যাক্সেস থাকা সম্প্রদায়গুলির দ্বারা গৃহীত হত।
- **ক্রসম্যান টেরেস হিস্টোরিক ডিস্ট্রিক্ট,** মনরো কাউন্টি (**Crosman Terrace Historic District**, Monroe County) - রচেস্টারের উদ্যানতত্ত্ব শিল্পের জন্য ঐতিহাসিকভাবে ব্যবহৃত ভূমিতে বিকাশিত, অক্ষত আবাসিক শহরতলি-শৈলীর প্রতিবেশী-অঞ্চলটি 1908 থেকে 1940 সালের মধ্যে নির্মিত হয়েছিল এবং নির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহের প্রদর্শন করে যা মূলত উচ্চ-মধ্যবিত্ত-শ্রেণীর বাসিন্দাদের স্বার্থে আবেদন রেখে বিপণন করা হয়েছিল। এর মধ্যে আবাসিক কাঠামো, ধারাবাহিক লট আকার এবং ভবনের মাপ ও অটোমোবাইলগুলির জন্য রাখার ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে।
- **দ্য হান্টিংটন বিল্ডিং,** সেনেকা কাউন্টি (**The Huntington Building**, Seneca County) - সেনেকা ফলসে অবস্থিত ঊনবিংশ শতাব্দীর একটি উল্লেখযোগ্য শিল্প ও বাণিজ্যিক ভবন, হান্টিংটন বিল্ডিংয়ের স্থাপত্য তার মালিকদের বিবর্তনশীল চাহিদাকে প্রতিফলিত করে—উৎপাদন-মনস্ক ন্যাশনাল ইস্ট কোম্পানি থেকে সক্রিয় অটোমোবাইল ডিলারশিপ পর্যন্ত-- এবং 1800 এর দশকে শক্তিশালী শিল্প থেকে 1900 এর দশকে বাণিজ্যিক ব্যবসায়িক উদ্যোগে সম্প্রদায়ের অর্থনৈতিক উত্তরণকে প্রতিধ্বনিত করে।
- **মার্টিন অ্যান্ড অ্যান্ড্রু স্পারবেক হাউস,** মনরো কাউন্টি (**Martin & Andrew Sperbeck House**, Monroe County) - মূলত 1825 সালে নির্মিত, ফেয়ারপোর্ট গ্রামের এই বিশিষ্ট ঐতিহাসিক বাসভবনটি কয়েক প্রজন্মের পরিবার দ্বারা অধিকৃত হয়েছে। স্থাপত্যগতভাবে, ভবনটি একটি প্রারম্ভিক বসতি-যুগের বাড়ির উদাহরণ যা মালিকদের রুচির সাথে সম্প্রসারিত এবং আপডেট করা হয়েছিল এবং এটি উনবিংশ শতাব্দীতে একটি কৃষি ও খাল-নির্ভর গ্রাম থেকে বিংশ শতাব্দীতে একটি আবাসিক সম্প্রদায়ে ফেয়ারপোর্টের প্রবৃদ্ধিকে প্রতিফলিত করে।
- **নেপলস ভিনিকালচার হিস্টোরিক ডিস্ট্রিক্ট,** অন্টারিও কাউন্টি (**Naples Viniculture Historic District**, Ontario County) - ফিঙ্গার লেকের কেন্দ্রস্থলে অবস্থিত, ডিস্ট্রিক্টটি এই অঞ্চলের আঙ্গুর চাষ এবং ওয়াইন প্রস্তুতের ইতিহাসকে মূর্ত করে, যা এর ঊনবিংশ এবং বিংশ শতাব্দীর বাণিজ্যিক, কৃষি, ধর্মীয় এবং গার্হস্থ্য স্থাপত্যের অক্ষত সংগ্রহে সুস্পষ্ট হয়ে রয়েছে যেটি আঙ্গুর শিল্প এবং আশেপাশের অঞ্চলে ওয়াইন শিল্পের যে সাংস্কৃতিক প্রভাব ছিল তার উভয়েরই প্রতিনিধিত্ব করে।
- **পেরি ভিলেজ হল,** ওয়াইমিং কাউন্টি (**Perry Village Hall**, Wyoming County) - 1912 সালে নির্মিত, এই কেন্দ্রীয়ভাবে অবস্থিত মিউনিসিপ্যাল ভবনটি পেরি গ্রামের বাসিন্দাদের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য নির্মিত হয়েছিল। বহুমুখী নকশাটি মিউনিসিপ্যাল পরিষেবাসমূহের দক্ষ ডেলিভারি সম্পর্কে নতুন ধারণা প্রতিফলিত করে এবং এটি গ্রামীণ

নিউইয়র্কের একটি পরিচিত ভবনের প্রকার। এই ভবনটি স্থপতি এফ. ডব্লিউ. কির্কল্যান্ডের সারগ্রাহী কাজের একটি প্রারম্ভিক, অক্ষত নিদর্শন।

- **শিপলি-টিটস হাউস,** ওয়েন কাউন্টি (**Shipley-Teats House**, Wayne County) - উইলিয়ামসন শহরে লেক অন্টারিও থেকে মাত্র এক মাইল দক্ষিণে অবস্থিত, এই 1850 সালের ফার্মহাউসটি ইতালীয় শৈলীর আবাসনের একটি ব্যতিক্রমীভাবে সু-সংরক্ষিত নিদর্শন। আঞ্চলিক কৃষি ইতিহাসের সাথে দৃঢ় সম্পর্কের সাথে, সমৃদ্ধ ফল শিল্প সহ, সম্পত্তিটিতে একটি গ্যারেজ, প্যাকিং হাউস এবং প্রারম্ভিক ফায়ার হাইড্রেন্ট রয়েছে, সেইসাথে উদ্ভাবনী প্রাথমিক ইউটিলিটি অবকাঠামোর প্রমাণ রয়েছে যা অভ্যন্তরীণ গ্যাসচালিত আলো এবং প্রবাহমান জলকেও সক্ষম করে।

মোহক ভ্যালি

- **500 এবং 506 এরি বুলেভার্ড ইস্ট-এ বিল্ডিংসমূহ,** ওনোন্ডাগা কাউন্টি (**Buildings at 500 and 506 Erie Boulevard East**, Onondaga County) - সিরাকিউজের কেন্দ্রীয় ব্যবসায়িক ডিস্ট্রিক্টের কাছাকাছি অবস্থিত দুটি সংলগ্ন, আন্তঃসংযুক্ত ইটের শিল্প ভবনগুলি উনবিংশ শতাব্দীর শেষের দিকের শিল্প স্থাপত্যের স্বতন্ত্র বৈশিষ্ট্য প্রদর্শন করে, যার মধ্যে অদাহ্য নির্মাণ সামগ্রীর মতো অগ্নি-প্রতিরোধী বৈশিষ্ট্যের ব্যবহার রয়েছে। 2020 থেকে 2022 সালের মধ্যে, ঐতিহাসিক ভবনগুলিকে আবাসিক অ্যাপার্টমেন্ট কমপ্লেক্স হিসাবে অভিযোজিত পুনঃব্যবহারের জন্য ফেডারেল প্রিজারভেশন ট্যাক্স ইনসেন্টিভ প্রোগ্রাম (federal preservation tax incentives program) ব্যবহার করে পুনর্বাসন করা হয়েছিল।
- **ফোর্ট প্লেইন হিস্টোরিক ডিস্ট্রিক্ট বাউন্ডারি বৃদ্ধি এবং অতিরিক্ত ডকুমেন্টেশন,** মন্টগোমারি কাউন্টি (**Fort Plain Historic District Boundary Increase and Additional Documentation**, Montgomery County) - নতুন গবেষণা এবং ডকুমেন্টেশনের ভিত্তিতে, মূল ঐতিহাসিক ডিস্ট্রিক্টের তাৎপর্য 1972-এ প্রসারিত করা হয়েছে। অষ্টাদশ শতাব্দীর গোড়ার দিক থেকে দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী সময় পর্যন্ত গ্রামের ঐতিহাসিক উন্নয়নের সম্পূর্ণ পরিধিকে পরিবেষ্টন করার জন্য ডিস্ট্রিক্টের সীমানাও প্রসারিত করা হয়েছে, এবং এখন চারটি প্রতিবেশী-অঞ্চলকে অন্তর্ভুক্ত করা হয়েছে যা প্রারম্ভিক পরিবহন পথ এবং জলপথের সাথে যুক্ত।
- **সিরাকিউজ ব্রেড কোম্পানি,** ওনোন্ডাগা কাউন্টি (**Syracuse Bread Company**, Onondaga County) – একটি উচ্চ মাত্রার ঐতিহাসিক অখণ্ডতার সাথে, ভবনটি বিংশ শতাব্দীর প্রথম দিকের ইস্পাতের-ফ্রেমযুক্ত কারখানার একটি চমৎকার নিদর্শন এবং নিউ ইয়র্কের সিরাকিউসে মাত্র তিনটি অ-আবাসিক ভবনের একটি, যেটি স্থপতি ওয়ার্ড ওয়েলিংটন ওয়ার্ড দ্বারা ডিজাইন করা হয়েছিল। সিরাকিউজ ব্রেড কোম্পানির প্রধান কার্যালয় রূপে, এটি একটি খাদ্য বিপ্লবের অংশ যা ভোক্তার মানকে ঘরে তৈরি ব্রেড থেকে ফ্যাক্টরি-উৎপাদিত ব্রেডে রূপান্তরিত করেছিল।

নিউ ইয়র্ক সিটি

- **লিথুয়ানিয়ান অ্যালায়েন্স অফ আমেরিকা,** নিউ ইয়র্ক কাউন্টি (**Lithuanian Alliance of America**, New York County) - ঊনবিংশ শতাব্দীর শেষের দিকের এই নিও-গ্রেক ভবনটি এক শতাব্দীরও বেশি সময় ধরে আমেরিকার লিথুয়ানিয়ান মৈত্রীসংগঠনের প্রধান কার্যালয় হিসেবে কাজ করেছে। মৈত্রীসংগঠনটি মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে পুরানো ক্রমাগত কর্মরত লিথুয়ানিয়ান সংস্থাগুলির মধ্যে একটি, এবং ভবনটি নিউ ইয়র্ক সিটিতে আগত অভিবাসীদের জন্য একটি প্রশাসনিক ও সাংস্কৃতিক কেন্দ্র হিসাবে মৈত্রীসংগঠনের ভূমিকাকে প্রতিফলিত করে।
- **রিচমন্ড টাউন হিস্টোরিক ডিস্ট্রিক্ট,** রিচমন্ড কাউন্টি (**Richmond Town Historic District**, Richmond County) - স্টেটেন আইল্যান্ডের এই ঐতিহাসিক ডিস্ট্রিক্টে এমন বৈশিষ্ট্য রয়েছে যা 1600-এর দশকের শেষ থেকে 1900-এর দশকের মাঝামাঝি পর্যন্ত বিভিন্ন ধরণের স্থাপত্য শৈলী এবং কার্যাবলীকে প্রতিফলিত করে, যা একটি আমেরিকান গ্রাম এবং প্রতিবেশী-অঞ্চলের সমস্ত আদর্শ উপাদানগুলির প্রতিনিধিত্ব করে। ডিস্ট্রিক্টের একটি অংশে রয়েছে ঐতিহাসিক রিচমন্ড টাউনের মিউজিয়াম গ্রাম, যার 1700 এবং 1800-এর দশকের প্রারম্ভিক স্থানীয় ভবনগুলির সংগ্রহ স্টেটেন আইল্যান্ডের স্থাপত্য ইতিহাসের একটি অস্বাভাবিক এবং মূল্যবান রেকর্ড।
- **ওয়েস্ট হারলেম হিস্টোরিক ডিস্ট্রিক্ট,** নিউ ইয়র্ক কাউন্টি (**West Harlem Historic District**, New York County) - উপরের দিকের ম্যানহাটনের পশ্চিম দিকে 42টি ব্লকের সমস্ত বা অংশ জুড়ে থাকা, বেশিরভাগ আবাসিক প্রতিবেশী-অঞ্চলে 1890 এবং 1915 সালের মধ্যে নির্মিত অনেক অ্যাপার্টমেন্ট এবং টেনামেন্ট ভবনগুলির সাথে একটি স্বতন্ত্র এবং সমন্বিত স্থাপত্য বৈশিষ্ট্য রয়েছে। কাঠামোগুলি 1800-এর দশকের শেষ থেকে 1900-এর দশকের গোড়ার দিকে বিল্ডিং কোডগুলির বিবর্তনকে প্রতিফলিত করে, এবং বিংশ শতাব্দীর গোড়ার দিকে সম্পূর্ণরূপে নির্মিত হয়ে যাওয়ায় ডিস্ট্রিক্টটি খুব কম পুনর্নবীকরণ বা নতুন নির্মাণ দেখেছে। বিংশ শতাব্দীর মাঝামাঝি কৃষ্ণাঙ্গ সংস্কৃতি এবং নাগরিক অধিকারের বিশিষ্ট ব্যক্তিত্বগণ, যারা আবাসন, বৈষম্য, রেডলাইন এবং নাগরিক অধিকারের চলমান সমস্যাগুলি সমাধানের জন্য কাজ করেছিলেন, তাঁদের একটি সম্প্রদায়ের সাথে দৃঢ় সংযোগের জন্যও এই ডিস্ট্রিক্টটি উল্লেখযোগ্য।

নর্থ কান্ট্রি

- **কোরি কটেজ,** ফ্র্যাঙ্কলিন কাউন্টি (**Corey Cottage**, Franklin County) - আবাসিক কাঠামো, তার অক্ষত "কিওর পর্চ" এবং যক্ষ্মা রোগীদের সাথে নথিভুক্ত সম্বন্ধ, ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে "কিওর কটেজ" এর একটি স্বতন্ত্র উদাহরণ, যা সারানাক লেকের গ্রামের একটি নির্দিষ্ট সম্পত্তির ধরণ, যা যক্ষ্মা রোগের চিকিৎসা কেন্দ্র হিসেবে বিখ্যাত হয়ে উঠেছিল।
- **গ্রেভস ম্যানশন,** এসেক্স কাউন্টি (**Graves Mansion**, Essex County) - 1880 সালের তিনতলা ইটের প্রাসাদটি নিউইয়র্কের অ্যাডিরনড্যাক অঞ্চলে দ্বিতীয় সাম্রাজ্যের শৈলীর সবচেয়ে অস্বাভাবিক এবং চিত্তাকর্ষক উপস্থাপনাগুলির মধ্যে একটি। এউ সাবল ফরক্স এর ছোট-গ্রামে অবস্থিত, বাড়িটি, ভার্মন্টের স্থপতি এফ. এল. পারকিন্স দ্বারা ডিজাইন করা হয়েছিল এবং বিশেষ করে অভ্যন্তরীণ অংশে একটি ব্যতিক্রমী উচ্চ স্তরের

কারুকার্যকে মূর্ত করে। প্রাসাদটি ছিল, একজন বিশিষ্ট স্থানীয় ব্যবসায়ী, হেনরি ডানকান গ্রেভসের বাড়ি।

- **মার্টিন্সবার্গ কমন স্কুল ডিস্ট্রিক্ট #4,** লুইস কাউন্টি (**Martinsburg Common School District #4,** Lewis County) - স্কুলবাড়িটি শহরের প্রাচীনতম স্কুল ভবনগুলির মধ্যে একটি, যা কমপক্ষে 1844 সালে তৈরি হয়েছিল এবং ঊনবিংশ শতাব্দীর গ্রামীণ নিউইয়র্কের এক-কক্ষের স্কুলঘরের একটি নমুনা উদাহরণ।
- **থ্রি স্কোয়ার হিস্টোরিক ডিস্ট্রিক্ট (সীমানা সম্প্রসারণ এবং সীমানা হ্রাস),** ওয়ারেন কাউন্টি (**Three Squares Historic District (Boundary Expansion and Boundary Reduction)**, Warren County) - ঐতিহাসিক ডিস্ট্রিক্ট, যা গ্লেন্স ফলস-এর ঐতিহাসিক এবং বর্তমান বাণিজ্যিক কেন্দ্র উভয়ই গঠন করে, এখন একটি পূর্বে উপেক্ষিত 1920 নাগাদের শিল্প ভবন অন্তর্ভুক্ত করবে যা গ্লেন্স ফলস এর রেডিমেড পোশাক শিল্পের সাথে যুক্ত ছিল। এছাড়াও, সীমানার ধারের কাছাকাছি চারটি ভবন ভেঙে ফেলার মাধ্যমে ডিস্ট্রিক্টের সীমানা কিছুটা কমানো হয়েছে।

সাউদার্ন টিয়ার

- **ক্যামিও থিয়েটার,** ব্রুম কাউন্টি (**Cameo Theatre**, Broome County) - নিউ ইয়র্কের বিংহামটনের পশ্চিম দিকের প্রতিবেশী-অঞ্চলের এই ছোট, 1928 সালের তৈরি প্রতিবেশী-অঞ্চলের মুভি থিয়েটারটি স্থানীয় স্থপতি জেরাল্ড জি. শেনকের একটি স্বতন্ত্র অক্ষত কাজ। ছোট আকারের প্রতিবেশী-অঞ্চলে হেঁটে পৌঁছানো যায় এমন বিনোদনের স্থান হিসাবে একসময় প্রচলিত এবং মূল্যবান ছিল, এটি এর প্রকারের বিংহামটনে টিকে থাকা একমাত্র নিদর্শন, এবং এটি বর্তমানে একটি কার্যকরী আর্ট স্পেসে পুনর্বাসনের প্রাথমিক পর্যায়ে রয়েছে। জেরাল্ড জি. শেনক ছিলেন একজন সুপরিচিত স্থানীয় স্থপতি এবং বিংহামটনের প্রধান স্থপতি স্যানফোর্ড ও. লেসি.-র একজন শিষ্য ছিলেন। থিয়েটারটি লেসি এবং শেঙ্ক উভয়েরই দ্বারা অনুকুলিত একটি সংযত আধুনিক নান্দনিকতাকে মূর্ত করে
- **শেল্টারড ওয়ার্কশপ ফর দ্য ডিস্যাবেল্ড বিল্ডিং,** ব্রুম কাউন্টি (**Sheltered Workshop for the Disabled Building**, Broome County) - মূলত 1947 সালে নির্মিত, এই ভবনটি আঞ্চলিক ইতিহাসে প্রধান কার্যালয় এবং সেই সকল সংস্থাগুলির কেন্দ্রীয় পরিচালনা কেন্দ্র হিসাবে উল্লেখযোগ্য যেগুলি ব্রুম কাউন্টির শারীরিক ও মানসিক অক্ষমতা থাকা হাজার হাজার বাসিন্দাদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ, কর্মসংস্থান এবং চিকিৎসা সেবা প্রদান করত৷ এর প্রোগ্রামগুলি স্টেট এবং জাতীয় উভয় স্তরেই ব্যতিক্রমী মডেল হিসাবে আলাদা ছিল। বহু-বছরের সম্প্রসারণ সহ, দুটি প্রাথমিক ভাড়াটেদের অফিস, ক্লিনিকাল এবং উৎপাদন কার্যক্রমকে সমর্থন করত এমন তিনটি স্বতন্ত্র বিভাগে নির্মিত, দ্য শেল্টারড ওয়ার্কশপ ফর (Sheltered Workshop for the Disabled) দ্য ডিস্যাবেল্ড অ্যান্ড রিহ্যাবিলিটেশন সার্ভিসেস, ইঙ্ক. (Rehabilitation Services, Inc.) বিংহামটন শহরে স্ট্রীমলাইনড মডার্ন ফ্যাক্টরি আর্কিটেকচারের একটি বিরল উদাহরণ অন্তর্ভুক্ত করার জন্যও তাৎপর্যপূর্ণ।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- **ব্রিসবেন বিল্ডিং,** এরি কাউন্টি (**Brisbane Building**, Erie County) - 1895 সালে প্রথম খোলার সময় "শহরের একটি অলঙ্কার" হিসাবে বিদিত, নিউ ইয়র্কের ডাউনটাউন বাফেলোর কেন্দ্রস্থলে অবস্থিত এই ইতালিয়ান রেনেসাঁ পুনরুজ্জীবন-শৈলীর বাণিজ্যিক ভবনটি প্রজন্মের পর প্রজন্ম ধরে ব্যবসায়িক কার্যকলাপের কেন্দ্রস্থল হিসাবে রয়েছে। ভাড়াটেরা ক্লিনহান্স এবং এফ.ডব্লিউ. উলওয়ার্থস ফাইভ অ্যান্ড ডাইম; ছোট পারিবারিক ব্যবসা; এবং পেশাদার সংস্থাগুলির মতো লার্জ অ্যাঙ্কর খুচরা দোকানগুলির সংমিশ্রণ অন্তর্ভুক্ত করেছে; উচ্চ স্তরের স্থাপত্য অখণ্ডতা এবং মূল অলঙ্করণের সাথে সদম্ভে, ব্রিসবেন বিল্ডিং 1880 এর দশকের গাঁথনির অফিস বিল্ডিং থেকে 1890 এর দশকের শেষের দিকের সুউচ্চ ইস্পাত-ফ্রেমযুক্ত গগনচুম্বী ইমারতে মধ্য দিয়ে বাণিজ্যিক ভবনের নকশার একটি গুরুত্বপূর্ণ রূপান্তরকে চিহ্নিত করে।
- **বাফেলো পাবলিক স্কুল #75 (PS 75),** এরি কাউন্টি (**Buffalo Public School #75 (PS 75),** Erie County) - বাফেলো, নিউইয়র্কের প্রধানত আফ্রিকান-আমেরিকান এমসলি প্রতিবেশী-অঞ্চলে সেবা প্রদান করার জন্য মূলত 1925 সালে নির্মিত, PS 75 স্কুল ডিজাইনের আধুনিক ধারনাকে মূর্ত করে এমন নতুন নির্মাণের মাধ্যমে শহরে তার বিল্ডিং ইনভেন্টরি প্রসারিত করতে 1920-এর দশকে বাফেলো স্কুল ডিস্ট্রিক্টের শহরব্যাপী প্রচেষ্টাকে প্রতিফলিত। সম্প্রদায়ের বৃদ্ধি এবং নিউ ইয়র্কের সম্প্রসারিত পাঠ্যক্রমের প্রয়োজনীয়তা গ্রহণ, যার মধ্যে ম্যানুয়াল, গার্হস্থ্য এবং শারীরিক শিক্ষার কোর্সগুলি অন্তর্ভুক্ত, পাবলিক স্কুল ভবনগুলিতে নতুন স্থানের প্রয়োজন: ল্যাবোরেটরি, ওয়ার্কশপ, রান্নাঘর, অডিটোরিয়াম, ক্যাফেটেরিয়া এবং জিমনেসিয়াম। PS 75 হল বাফেলো-ভিত্তিক স্কুল আর্কিটেক্ট আর্নেস্ট ক্রিমির স্কুল তৈরির মানক পদ্ধতির একটি বলিষ্ঠ উদাহরণ, যা নির্দিষ্ট স্বাস্থ্য এবং সুরক্ষা উপাদানগুলির পাশাপাশি নতুন পাঠ্যক্রম-ভিত্তিক স্থানগুলিকে অন্তর্ভুক্ত করেছিল এবং তাদের পুনরাবৃত্তিযোগ্য নকশা উপাদান এবং দ্রুত নির্মাণের সময়রেখার জন্য পরিচিত ছিল৷
- **জে.ডব্লিউ. রুগার অ্যান্ড ডেক ব্রোস. বিল্ডিং,** এরি কাউন্টি (**J.W. Ruger & Deck Bros. Building**, Erie County) - 1868 সালে নির্মিত, এই ভবনটি নিউইয়র্কের বাফেলোর দক্ষিণ দিকে একটি ঐতিহাসিকভাবে উল্লেখযোগ্য উৎপাদনশীল প্রতিবেশী-অঞ্চলের মধ্যে থাকা প্রাচীনতম অবশিষ্ট ক্ষুদ্র শিল্প ভবনগুলির মধ্যে একটি। বেকিং, ইঞ্জিন এবং ফিনিশিং শিল্পের জন্য দুটি জাতীয় এবং আন্তর্জাতিকভাবে পরিচিত উদ্ভাবনী পেটেন্ট বিকাশকারী এবং মেশিন উৎপাদনকারীদের বাড়ি, এই সাইটটি কাছাকাছি খাল এবং রেলপথ লাইন ও সেইসাথে অন্যান্য অনুরূপ নির্মাতাদের একটি সুবিধাজনক অবস্থানের প্রস্তাব দিয়েছিল।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) 250টির বেশি একক পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদন ট্রেইল এবং নৌকা লঞ্চের তদারকি করে, যেখানে 2020 সালে রেকর্ড 78 মিলিয়ন মানুষ বেড়াতে গিয়েছে। এই বিনোদন ক্ষেত্রগুলির যে কোনও বিষয়ে আরও তথ্যের জন্য, 518-474-

0456 **নম্বরে কল করুন** বা parks.ny.gov এ যান, ফেসবুক এ সংযুক্ত হন, বা আমাদের টুইটারএ অনুসরন করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418